3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2026 (CCFUP)

Subject : Bengali

Course: BENG4012 (MAJOR)

8111

(উনিশ শতকের কাব্য-কবিতা)

Time: 3 Hours **Full Marks: 60**

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

(ক) মধুসূদন দত্ত তাঁর 'বীরাঙ্গনা কাব্য' কাকে উৎসর্গ করেন? উৎসর্গ-পত্রে তিনি তাঁকে কোন বিশেষণে ভূষিত করেন?

(খ) "দ্বিরদ-রদ নির্মিত দুয়ারে দুয়ারী/দ্বিরদ"—'দ্বিরদ-রদ' শব্দের অর্থ লেখো। পত্রলেখিকা কখন এই দৃশ্য দেখতে পেয়েছিলেন?

(গ) "সপত্নী বলিয়া তারে গঞ্জিতাম রোষে" —বক্তা কে? বক্তা কাকে সপত্নী বলে গঞ্জনা দিতেন?

(ঘ) "এ কুপথে পথী কি হে সূর্য-বংশপতি?"— 'সূর্য-বংশপতি' কে? এখানে কোন কুপথের কথা বলা হয়েছে?

(ঙ) "ভীরুতার সাধনা কি মানে বলবাহু?" –বক্তা কে? তাঁর একথা বলার পিছনে যুক্তি কী ছিল?

(চ) 'সারদামঙ্গল' কোন দেবীর বন্দনামূলক কাব্য? এই কাব্য রচনার সময় কবির মানসিক অবস্থা কেমন ছিল?

(ছ) "বিকচ নয়নে চেয়ে/ হাসিছে দুধের মেয়ে"— 'বিকচ' শব্দের অর্থ কী? 'দুধের মেয়ে' কে?

(জ) "নাগর দোলায় দোলা শিশুরি মানায়" —কে, কেন একথা বলেছেন?

(ঝ) গিরীন্দ্রমোহিনী দাসীর 'বর্ষাসঙ্গীত' কবিতাটি তাঁর কোন কবিতা-সংকলনে আছে? ওই গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়?

(ঞ) "পদে পদে সেই পদে, কত হাত মুখ।/বিলোকনে বিয়োগির দূর হয় দুখ।।" —সরলার্থ লেখো।

(ট) "ভিক্ষুকের বেশে, মাতা, দিয়াছ বিদায়"— কে, কাকে এভাবে বিদায় দিয়েছেন?

(ঠ) "ঘরে ঘরে মৃত্যু-শোক হাহাকার/ আমার একেলার নয়"— কবি কখন এই দর্শনে উপনীত হলেন?

(ড) "ত্রিভুবন আলো করা প্রীতি-দুজনার"— দুজনা কে কে?

(ঢ) 'এষা' কাব্যে মৃতা স্ত্রীর তৃপ্তির জন্য তার শ্রাদ্ধকালে কবি কী কী দিয়েছিলেন?

(ণ) "এত স্নেহ ভালো নয়"— কবির এমন মনে হল কেন? দু-একটি বাক্যে উত্তর দাও।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

(ক) 'সারদামঙ্গল' কাব্যের দ্বিতীয় সর্গে কবির সারদা অন্বেষণের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) 'সারদামঙ্গল' কাব্যের পঞ্চম সর্গে কবির সঙ্গে সারদার মিলনের আনন্দচিত্রটি সংক্ষেপে লেখো।

(গ) ''ক্ষাত্রকুলবালা আমি; ক্ষত্রকুল বধূ''– বক্তার চরিত্রের ক্ষাত্রবালাসুলভ বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(ঘ) ''হায়, আশামদে মত্ত আমি পাগলিনী''– আশামদে মত্ত পাগলিনীর মত্ত মন কোন কোন ছবি দেখে তা আলোচনা করো।

(ঙ) প্রিয়ংবদা দেবীর 'বিরহ' কবিতায় হাহাকার ও বিষাদের সুর যেভাবে ধরা পড়েছে, তা নিজের ভাষায় লেখো।

(চ) 'এষা' কাব্যের 'সান্ত্বনা' অংশে কবির দার্শনিক মনের যে পরিচয় পাও, তা সংক্ষেপে লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) 'সোমের প্রতি তারা' পত্রের তারাকে বীরাঙ্গনা বলার যৌক্তিকতা বিচার করো।

অথবা,

'সারদামঙ্গল' কাব্যে কবি বিহারীলাল চক্রবর্তীর রোমান্টিক মনের পরিচয় দাও।

(খ) গিরীন্দ্রমোহিনী দাসীর 'বর্ষাসঙ্গীত' এবং বিজয়কৃষ্ণ মজুমদারের 'মধ্যাহ্নে' কবিতাদুটিতে প্রতিফলিত প্রকৃতির চিত্ররূপের পরিচয় দাও।

অথবা,

''মানবীর তরে কাঁদি, যাচি না দেবতা''– উদ্দিষ্ট মানবীর প্রতি কবির যে প্রেমভাব, তা কীভাবে 'এষা' কাব্যে প্রকাশ পেয়েছে লেখো।
